Ministry of Culture
Government of India

VICTORIA MEMORIAL HALL, KOLKATA

Azadi Ka Amrit Mahotsav

সত্যজিৎ রায়ের জন্মশতবার্ষিকী উপলক্ষে

ভিক্টোরিয়া মেমোরিয়াল হলের নিবেদন

সত্যজিতের ফেলুদা: কাহিনি, পণ্য ও দ্বন্দ্ব

বিশ্বজিৎ রায়

বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়, শান্তিনিকেতন

শুক্রবার, ২২ এপ্রিল ২০২২, সন্ধ্যা ৬:৩০

সভাকক্ষ, নবনির্মিত লাইব্রেরি ভবন, ভিক্টোরিয়া মেমোরিয়াল হল

সত্যজিৎ তাঁর ঐতিহ্যময় পারিবারিক পত্রিকা 'সন্দেশ' পুনঃপ্রকাশ করেছিলেন ১৯৬১ খ্রিস্টাব্দে, কবিবন্ধু সুভাষ মুখোপাধ্যায়ের সহযোগে। উপেন্দ্রকিশোর-সুকুমারের সন্দেশে গোয়েন্দা-কাহিনি প্রকাশিত না হলেও সত্যজিৎ-সম্পাদিত সন্দেশে গোয়েন্দা-কাহিনি ও অ্যাডভেঞ্চার-কাহিনি প্রকাশিত হত। সত্যজিৎ নিজে তাঁর ছেলেবেলায় 'রামধনু' পত্রে মনোরঞ্জন ভট্টাচার্যের গোয়েন্দা হুকাকাশির বাস্তবধর্মী গল্প পড়ে আনন্দ পেয়েছিলেন। অতিরঞ্জিত, অবাস্তব বাংলা গোয়েন্দাকাহিনির জনপ্রিয় একটি যে ধারা গড়ে উঠেছিল, তারই বিপরীতে মনোরঞ্জন ভট্টাচার্যের বাস্তবধর্মী, যুক্তিনিষ্ঠ গোয়েন্দা-গল্পের আত্মপ্রকাশ। সত্যজিতের ফেলুদা-কাহিনি ও মনোরঞ্জন ভট্টাচার্যের ধারার অনুগামী। সত্যজিৎ অবশ্য ফেলুদাকে কাহিনির মধ্যে আটকে রাখলেন না, অলংকরণ, রেডিও-নাটক, চলচ্চিত্রের মাধ্যমে ফেলুদাকে কেন্দ্র করে সাংস্কৃতিক পণ্য নির্মাণের পথ প্রস্তুত করলেন। যদিও ফেলুদা-কাহিনির শুরুতে গোয়েন্দা কাহিনির বাস্তব ধারাটি অনুসৃত, তবু পরে নিয়ে এলেন রহস্য রোমাঞ্চ ঔপন্যাসিক লালমোহন গাঙ্গুলিকে। লালমোহন আর ফেলুদা দুই ভিন্ন সংস্কৃতির নির্মাতা-সত্যজিতের কাহিনিতে এই দুই সংস্কৃতির মধ্যে গড়ে তোলা হয়েছে বিচিত্র দ্বান্দ্বিক সম্পর্ক। ফেলুদাকে ঘিরে কাহিনি, পণ্য ও দ্বন্দ্ব নির্মাণের সাংস্কৃতিক ইতিহাসই এই বক্তৃতার মূল প্রতিপাদ্য।

ভিক্টোরিয়া মেমোরিয়াল প্রাঙ্গণে প্রবেশের জন্য সেন্ট পলস ক্যাথিড্রালের বিপরীতের গেটটি ব্যবহার করুন।
প্রাঙ্গণে যে কোনও গাড়ির প্রবেশ নিষিদ্ধ। কোভিড সতর্কবিধি পালনীয়।